সংবাদ

তারিখ ... 16 SEP 2017 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৫ ......

ঢাবির 'গ' ইউনিট

# ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবেই সম্পন্ন

## আজ 'চ' ইউনিটের পরীক্ষা

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে 'গ' ইউনিট এর অধীনে স্নাতক সম্মান শ্রেণীতে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে দাবি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গতকাল সকালে 'গ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে ঢাবিতে এবারের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং ক্যাম্পাসের বাইরে মোট ৫৩টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ও 'গ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তারা পরীক্ষা চলাকালীন সময়ে ব্যবসায় শিক্ষা অনুষদের বিভিন্ন পরীক্ষা-কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা শেষে ঢাবি প্রক্টর ড. এ বি এম আমজাদ তার অফিসে সাংবাদিকদের ব্রিফিংকালে বলেন

ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ১

### ভর্তি : পরীক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় প্রশাসন সতর্ক থাকায় এবং সাবধানতা অবলম্বন করায় জালিয়াতিচক্র এবার কোন ধরনের তৎপরতা চালাতে পারেনি। তাছাড়া ভ্রাম্যমাণ আদালত মাঠে তৎপর থাকায় তারা কোন ধরনের জালিয়াতি করতে সাহস পায়নি।

তিনি বলেন, এবারের ভর্তি পরীক্ষায় নতুন করে মেটাল ডিটেক্টর যন্ত্র সংযোজন করা হয়েছে। প্রত্যেক পরীক্ষার্থীকে এ যন্ত্রের সাহায্যে চেক করে পরীক্ষা কেন্দ্রে ঢুকানো হয়েছে। তাই কেউ কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে পারেনি।

পরবর্তী পরীক্ষাগুলোতে জালিয়াতচক্রের কোন ধরনের জালিয়াতি করার সম্ভাবনা আছে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে প্রক্টর বলেন, জালিয়াতচক্র সামনের পরীক্ষাগুলোতে এরকম কিছু করবে কিনা সেটা আগে থেকেই বলা যাচ্ছে না। তবে এবার বিশ্ববিদ্যালয় প্রশাসন অনেক বেশি সতর্ক। প্রশাসন থেকে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে, যাতে এ ধরনের কোন ঘটনা না ঘটে।

উল্লেখ্য, গ-ইউনিটে ১২৫০টি আসনের বিপরীতে ২৯,৩১১ জন ভর্তিচ্ছু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৫৩টি কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।

**আজ 'চ' ইউনিটের পরীক্ষা**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিট-এর অধীনে বিএফএ সম্মান শ্রেণীতে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) আজ সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। 'চ' ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে এবার ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা ১৩,৪৭২ জন।

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য, 'চ' ইউনিটের অঙ্কন অংশের ভর্তি পরীক্ষা আগামী ২৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে।